**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন শিক্ষার মানোন্নয়নের মাধ্যমে উন্নত রাজ্য গঠন সম্ভব ।**

**(২) সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন, কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহের নেতৃত্বে সমবায় ক্ষেত্র সমৃদ্ধির দৃষ্টিভঙ্গির মাধ্যমে দেশের গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কর্তব্য ভবন-৩ জাতির উদ্দেশে উৎসর্গ করেন।**

**(৪) সমুদ্রপথে পণ্য পরিবহন বিল, ২০২৫, আজ রাজ্যসভায় বিরোধীদের বাধাদান সত্ত্বেও অনুমোদিত হয়েছে।**

**(৫) আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।**

************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন শিক্ষার মানোন্নয়নের মাধ্যমে উন্নত রাজ্য গঠন সম্ভব। আজ আগরতলার লোকনাথ মন্দিরে লোকনাথ সেবা আশ্রম সংস্থার উদ্যোগে দুঃস্থ মেধাবী একাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে পুস্তক বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন রাজ্যের ছাত্রছাত্রীদের মধ্যে মেধা আছে। শুধুমাত্র সেই মেধা সঠিক কাজে লাগাতে পারলে প্রকৃত বিকাশ সম্ভব। তিনি বলেন রাজ্যে এখন উচ্চশিক্ষার প্রচুর সুযোগ রয়েছে। ফলে ছাত্রছাত্রীদের এখন বাইরে গিয়ে শিক্ষা গ্রহণ করতে হবে না। মুখ্যমন্ত্রী আরও বলেন যে শিক্ষা পরিকাঠামো

এবং মানবসম্পদ উন্নয়নে ক্রমাগত বিনিয়োগ রাজ্যের জন্য একটি উজ্জ্বল শিক্ষাগত ভবিষ্যতের পথ প্রশস্ত করছে। তিনি বলেন যে কৃত্রিম বুদ্ধিমত্তার মতো প্রযুক্তির ব্যবহার শিক্ষাকে আরও কার্যকর এবং সহজলভ্য করে তুলেছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটর রত্না দত্ত প্রমুখ।

*******************************

**Co-operative Minister :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন, কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহের নেতৃত্বে সমবায় ক্ষেত্র সমৃদ্ধির দৃষ্টিভঙ্গির মাধ্যমে দেশের গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তিনি বলেন, সমবায় ক্ষেত্র উন্নয়নের মাধ্যমে ত্রিপুরাতেও কৃষক এবং পশুপালনের জন্য আরও কর্মসংস্থান তৈরি করে, ত্রিপুরার গ্রামীণ অর্থনীতির উন্নতি করা সম্ভব।

আজ গুজরাটের সমবায় মন্ত্রী জগদীশ বিশ্বকর্মার সভাপতিত্বে গান্ধীনগরের সার্কিট হাউসে ত্রিপুরার সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া ও প্রতিনিধিদলের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মন্ত্রী শ্রী বিশ্বকর্মা ত্রিপুরার সমবায় মন্ত্রী সহ কর্মকর্তাদের প্রতিনিধিদলকে গুজরাটের সমবায় মডেল সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করেন এবং প্রয়োজনীয় সকল সহায়তা প্রদানের আশ্বাস দেন।

উল্লেখ্য, কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহের সভাপতিত্বে দেশের বিভিন্ন রাজ্যের সমবায় মন্ত্রীদের নিয়ে দিল্লিতে অনুষ্ঠিত সভায় শ্রী শাহ সকল মন্ত্রীদের সমবায় ক্ষেত্রে অগ্রণী গুজরাট সফরের জন্য অনুরোধ করেন। যার অংশ হিসেবে, ত্রিপুরার সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া সহ কর্মকর্তাদের একটি প্রতিনিধিদল গত চৌঠা আগস্ট থেকে আগামীকাল পর্যন্ত গুজরাট সফরে রয়েছেন।

*******************************

**Ek Ped Ma Ke Naam :**

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ বলেছেন "এক পেড় মা কে নাম" কর্মসূচি প্রত্যেক মায়ের প্রতি উৎসর্গীকৃত। আজ মোহনপুরের চিন্ময়া মিশন স্কুল প্রাঙ্গণে আয়োজিত "এক পেড় মাকে নাম" কর্মসূচিতে অংশগ্রহণ করে তিনি একথা বলেন। তিনি বলেন এই সহজ কাজটি মায়েদের সম্মান করার পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করে। তিনি বলেন ঠিক আমাদের মায়েদের মতো, গাছও অক্সিজেন, ছায়া, পুষ্টি এবং আশ্রয় প্রদান করে। মন্ত্রী শ্রী নাথ এই অভিযানের বৈজ্ঞানিক গুরুত্বের কথা উল্লেখ করে বলেন যে গাছপালা অক্সিজেনের একমাত্র প্রাকৃতিক উৎস।

***************************

**Kishore Barman :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন জানিয়েছেন সিপাহীজলা জেলায় পঞ্চায়েত দপ্তরের অসম্পূর্ণ কাজগুলি আগামী ২ মাসের মধ্যে সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। আজ সিপাহীজলা জেলায় পঞ্চায়েত দপ্তরের পর্যালোচনা বৈঠক শেষে একথা জানিয়েছেন তিনি।

###### Byte Kishor Barman #####

জেলাশাসক অফিসের কনফারেন্স হলে আয়োজিত এই পর্যালোচনা বৈঠকে জেলার অন্তর্গত বিভিন্ন পঞ্চায়েত সমিতিগুলির চেয়ারপার্সন, ভাইস-চেয়ারপার্সন ছাড়াও উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, সহকারী সভাধিপতি পিন্টু আইচ, বিধায়ক বিন্দু দেবনাথ, অন্তরা সরকার দেব।

****************************

**Kalyani Saha Roy :**

বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায় বলেছেন কৃষকদের জীবন-জীবিকার মানোন্নয়নে রাজ্য সরকার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ তেলিয়ামুড়ায় মহকুমা কৃষি দপ্তরের উদ্যোগে কৃষকদের বিনামূল্যে ট্রাক্টর

ও আধুনিক কৃষি সামগ্রী বিতরণ কর্মসূচীর উদ্বোধন করে একথা বলেন তিনি। মুখ্যসচেতক সরকারের এই ধরনের পদক্ষেপ কৃষিজীবী মানুষের স্বনির্ভরতার পথে এক ইতিবাচক পদক্ষেপ বলে উল্লেখ করেন। অনুষ্ঠান থেকে কৃষি উৎপাদিত সামগ্রী দ্রুত ও সঠিকভাবে সরবরাহের লক্ষ্যে একটি বিশেষ যান পরিষেবার সূচনা করা হয়। অনুষ্ঠানে তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারম্যান নির্মল সূত্রধর, কৃষি আধিকারিক রিতেশ দে প্রমুখ উপস্থিত ছিলেন।

****************************

**Kishori utkarsha Mancha :**

দক্ষিন জেলাভিত্তিক দুদিন ব্যাপী কিশোরী উৎকর্ষ মঞ্চের অনুষ্ঠান আজ থেকে বিলোনীয়া টাউন হলে শুরু হয়েছে। দক্ষিণ জেলা সমগ্র শিক্ষা অভিযান আয়োজিত দুই দিনের এই অনুষ্ঠানের সূচনা করেন দক্ষিন জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। বিধায়ক প্রমোদ রিয়াং ও স্বপ্না মজুমদার, দেশের প্রথম জনজাতি মহিলা বাণিজ্যিক বিমান চালক ক্যাপটেন ববি আজমীরা, রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, জেলা শিক্ষা আধিকারিক দীলিপ দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন উদ্বোধনী অনুষ্ঠানে। কিশোরী উৎকর্ষ মঞ্চের অনুষ্ঠানে দক্ষিণ জেলার ১৬২টি স্কুল থেকে ৩৮০ জন ছাত্রী নাচ, গান, অঙ্কন, যোগ সহ বিভিন্ন ইভেন্টের প্রতিযোগিতায় অংশ নিয়েছে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM, Katabya Bhawan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কর্তব্য ভবন-৩ জাতির উদ্দেশে উৎসর্গ করেন। তিনি এজন্য জন্য গর্ব প্রকাশ করে এটিকে অত্যাধুনিক পরিকাঠামোর উদাহরণ হিসেবে তুলে ধরেছেন। সামাজিক মাধ্যমে তিনি লিখেছেন, কর্তব্য ভবন প্রতিটি ব্যক্তির সেবা করার জন্য সরকারের প্রতিশ্রুতি এবং নিরন্তর প্রচেষ্টার প্রতীক। তিনি আরও বলেন যে এটি কেবল সরকারের নীতি ও পরিকল্পনা দ্রুত জনগণের কাছে পৌঁছে দিতে সাহায্য করবে না বরং জাতির উন্নয়নে নতুন গতিও যোগাবে।

কর্তব্য ভবন-৩ হল সেন্ট্রাল ভিস্তার বৃহত্তর রূপান্তরের অংশ। এটি বেশ কয়েকটি আসন্ন সাধারণ কেন্দ্রীয় সচিবালয় ভবনের মধ্যে প্রথম যা প্রশাসনিক প্রক্রিয়াগুলিকে সুবিন্যস্ত করা এবং আধুনিক প্রশাসনকে সক্ষম করার লক্ষ্যে কাজ করবে। প্রধানমন্ত্রী আরও বলেন যে, কর্তব্য ভবন একটি উন্নত ও আত্মনির্ভর ভারত গড়ে তোলার সরকারের অঙ্গীকারকে প্রতিফলিত করে। তিনি ভবনটি গঠনে নির্মাণ শ্রমিকদের কঠোর পরিশ্রম এবং দৃঢ় সংকল্পের প্রশংসা করেন এবং তাদের সঙ্গে আলাপচারিতা করেন। শ্রী মোদি বলেন যে কর্তব্য ভবন নির্মাণে পরিবেশ সুরক্ষার প্রতি সম্পূর্ণ নজর দেওয়া হয়েছে। কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রী মনোহর লালও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

***************************

**Rajib Bhattacharjee :**

সমুদ্রপথে পণ্য পরিবহন বিল, ২০২৫, আজ রাজ্যসভায় বিরোধীদের বাধাদান সত্ত্বেও অনুমোদিত হয়েছে। আগেই বিলটি লোকসভায় পাশ হয়েছিল। এই আইনটি বন্দর থেকে পরিবাহিত পণ্যের ক্ষেত্রে দায়িত্ব, অধিকার প্রতিষ্ঠা নিশ্চিত করে। এই আইন নিয়ে আলোচনার জবাবে নৌপরিবহন ও জলপথ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর বলেন, শতবর্ষ পুরনো আইনটি বাতিল ও প্রতিস্থাপন করে নতুন ভাবে সমুদ্রপথে পণ্য পরিবহন বিল ২০২৫, যুক্তিসঙ্গত আইনের মাধ্যমে সহজে ব্যবসা-বাণিজ্য নিশ্চিত করবে। আলোচনায় অংশ নিয়ে ত্রিপুরার সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত দশ বছরে বন্দর ও সমুদ্রপথে পণ্য পরিবহনের ক্ষেত্রে অভূতপূর্ব শ্রীবৃদ্ধি দেখা গেছে।

####### Rajib Bhattacharjee #####

তিনি বলেন, শ্রী মোদীর নেতৃত্বে ভারতীয় অর্থনীতি শীঘ্রই তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে। তিনি বলেন, এই বিল দেশের অর্থনীতিকে শক্তিশালী করবে।

*******************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী সমীপেষুর আজ ৫১তম পর্ব অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা স্বাস্থ্য, শিক্ষা সহ গুরুত্ব পূর্ণ ক্ষেত্র গুলিতে জনগণের অভিযোগ শোনেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্ট অধিকারিকদের নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন মুখ্যমন্ত্রী সমীপেষু এখন সরকার এবং জনগণের মধ্যে একটি সেতুবন্ধনে পরিণত হয়েছে। তিনি বলেন এই উদ্যোগটি আস্থার অনুভূতি জাগিয়ে তুলছে এবং নাগরিকদের সহায়তা প্রদান করে তাদের জীবনে পরিবর্তন আনছে। তিনি বলেন মুখ্যমন্ত্রী সমীপেষু নাগরিক-কেন্দ্রিক শাসনের প্রতি রাজ্য সরকারের অঙ্গীকারকে তুলে ধরে। আজকের কর্মসূচিতে স্বাস্থ্য সচিব কিরণ গিত্তে, জিবি হাসপাতালের সুপার শঙ্কর চক্রবর্তী সহ অন্যান্য দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

**************************

**Herosima Diwas :**

এস ইউ সি আই এর উদ্যোগে আজ আগরতলায় হিরোশিমা দিবস পালন করা হয়। বটতলায় একটি যুদ্ধ বিরোধী ধর্ণা সংঘটিত করা হয়। ধর্নায় বক্তারা, ১৯৪৫ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানের হিরোশিমা শহরে আমেরিকার পারমাণবিক বোমা বিস্ফোরণের নিন্দা করে, তার প্রভাব নিয়ে আলোচনা করেন।

****************************

**Triranga Rongali :**

আসন্ন স্বাধীনতা দিবস উপলক্ষে আজ সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে তিরঙ্গা আলপনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক সজল দেববর্মা জানান স্বাধীনতা দিবস উপলক্ষে বিদ্যালয়ে গত ২ তারিখ থেকে বিভিন্ন কর্মসূচি শুরু হয়েছে। এরমধ্যে তিরঙ্গা আলপনা প্রতিযোগিতা ছাড়াও পতাকা অঙ্কন, ক্যুইজ ইত্যাদি রয়েছে।

***************************

**Har Ghar Tiranga :**

হর ঘর তিরঙ্গা উদযাপন উপলক্ষে আজ মোহনপুর বালিকা বিদ্যালয়ে তিরঙ্গা আলপনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। স্কুল ছাত্রীদের মধ্যে দেশ ভক্তি জাগ্রত করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে বিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে।

****************************

**Barmis Cigarette :**

B.S.F এর গোয়েন্দা শাখার গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ ও বি,এস,এফের যৌথ অভিযানে আজ কৈলাশহরে ৩৯ কার্টুন বার্মিজ সিগারেট উদ্বার হয়। আজ বিকেলে কৈলাশহরের চিনিবাগান নাকা পয়েন্টে একটি বোলেরো গাড়ি থেকে এগুলি আটক করা হয়। উদ্ধার করা সিগারেটের বাজারমূল্য ৫৮ লক্ষ টাকার বেশি। গাড়ির চালককে গ্রেপ্তার করা হয়েছে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২১.৪ মিলিমিটার।

**************************